ভোট গ্রহন শেষ, চলছে গণনার কাজ

ভোট শেষে গণনার কাজ চলছে

নিজস্ব প্রতিনিধি: ৬ষ্ঠ ও শেষ ধাপে ইউনিয়ন পরিষদ নির্বাচনে পাবনা জেলার সদর উপজেলার ১০টি ইউনিয়নে ও চাটমোহর উপজেলার ৬টি ইউনিয়নে ভোট গ্রহণ শুরু হয়। শনিবার (৪ জুন) সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত কোন বিরতি ছাড়াই দিনব্যাপি ভোট গ্রহন অনুষ্ঠিত হয়।

নিয়মানুযায়ী বিকেল ৪টার সময় ভোট গ্রহন বন্ধ করে দেওয়া হয়, এখন চলছে ভোট গণনার কাজ।

এ নির্বাচনে প্রশাসনের অধিক নজরদারীতে কোন প্রকার অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। তবে কেন্দ্রে কেন্দ্রে বিচ্ছিন্ন কিছু ঘটনা ঘটেছে। তবে ব্যালট ছিনতাই, জোড় পূর্বক সীল বা ভয়-ভীতি প্রদর্শণের কোন খবর পাওয়া যায়নি।

উল্লেখ্য, পাবনার দুই উপজেলার ১৬টি ইউনিয়নে চেয়ারম্যান পদে লড়ছেন ৬৮ প্রার্থী। সদর ও চাটমোহর উপজেলার ১৬ ইউনিয়নে মোট ভোটার ৪ লাখ ১৮ হাজার ৫৭১ জন। নির্বাচনকে ঘিরে প্রশাসনের পক্ষে থেকে নেওয়া হয়েছে কয়েক স্থরের নিরাপত্তা ব্যবস্থা।